প্রান্ত এ্যাগ্রো এন্ড ভেভেলপমেন্ট ইনিসিয়েটিভ

তারিখঃ ২৩ই জুন ২০২৪

বিষয়ঃ গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য আমন্ত্রণ প্রসঙ্গে।

মহোদয়,
আসসালামু আলাইকুম,
অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, **'প্রান্ত এ্যাগ্রো রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ইনিসিয়েটিভ'** নামে কুমিল্লা জেলার মেঘনা থানাধীন হরিপুর নামক স্থানে প্রায় ৪০ একর জমির উপর একটি কৃষিভিত্তিক গবেষণা কেন্দ্র প্রতিষ্ঠার কার্যক্রম চলামান আছে। কেন্দ্রটির মূল লক্ষ্য বাংলাদেশের কৃষি খাতকে একটি বৃহৎ পরিসরে নিয়ে যাওয়া। কৃষি যে বিনিয়োগের একটি অপার সম্ভাবনাময় খাত সেটি সবার মাঝে ছড়িয়ে দেওয়া। সে লক্ষ্যে এখানে বিভিন্ন ধরনের দেশি উচ্চ জাতের ফসল এবং ফল যে গুলির পুষ্টিমান ও চাহিদা অধিক, বাজার মূল্য বেশি, সে সমস্ত ফসল সারা বৎসর চাষ করার চেষ্টা করা হচ্ছে। এছাড়া জমির উর্বরতা বৃদ্ধি ও উৎপাদন বৃদ্ধির বিষয়ে বিভিন্ন পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে। ইতোমধ্যে আমরা কিছু ক্ষেত্রে সফলতাও অর্জন করেছি।

এছাড়া কৃষিকে বহুমাত্রিক ও রপ্তানিমূখী করার লক্ষ্যে দেশে অপ্রচলিত কিন্তু বিদেশে ব্যাপক চাহিদা আছে এরূপ বিভিন্ন জাতের ফসল যেমন বিভিন্ন জাতের ক্যাপসিকাম, স্কোয়াস, হানিডিউ, মাস্কমেলন, রকমেলন, বিভিন্ন প্রকার লেটুস ও অন্যান্য ফসল উৎপাদনের জন্য প্রচেষ্টা চালানো হচ্ছে। ইতোমধ্যে এ সকল ফসল চাষেও আমরা সফল হয়েছি। বর্তমানে এ সকল ফসল সারা বৎসর উৎপাদনের সম্ভাব্যতা পরীক্ষা করা হচ্ছে। উন্নতদেশ সমূহে এ সকল ফসলের ব্যাপক চাহিদা রয়েছে বিধায় এ সকল পণ্য রপ্তানীর বিশাল সম্ভাবনা রয়েছে। আমরা এ সম্ভাবনাকে বাস্তবে রূপ দেওয়ার লক্ষ্যে কাজ করে যাচ্ছি। পাশাপাশি আমাদের অর্জিত জ্ঞান ও অভিজ্ঞতাকে অন্যদের মাঝে ছড়িয়ে দিচ্ছি যেন কৃষি একটি লাভজনক পেশায় পরিণত হতে পারে।

বাংলাদেশের অর্থনীতির মূলে রয়েছে কৃষি। এদেশের মোট জনসংখ্যার প্রায় ৮৫ শতাংশই প্রত্যক্ষ বা পরোক্ষভাবে কৃষির উপর নির্ভরশীল। জাতীয় অর্থনীতিতে কৃষি খাতের অবদান অপরিসীম। কৃষি খাত দেশের অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। এছাড়াও এই খাতটি কর্মসংস্থান সৃষ্টি, দারিদ্র বিমোচন, মানব সম্পদ উন্নয়ন, খাদ্য সুরক্ষা এবং অন্যান্য অর্থনৈতিক ও সামাজিক শক্তির মতো প্রধান ম্যাক্রোইকোনমিক ক্ষেত্রে প্রভাব ফেলে। সে কারণে এর আধুনিকায়ন অতীব জরুরী। কৃষিকে আধুনিকরণে ও নিরাপদ ফসল উৎপাদন নিশ্চিতকরণে এই কেন্দ্রটি বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নে প্রচেষ্টা চালাচ্ছে।

আমাদের এ কেন্দ্রটি মূলত গবেষণা কেন্দ্রিক। নিজেরা বিভিন্ন প্রকার পরীক্ষা নিরীক্ষা পরিচালনার পাশাপাশি অন্য যারা কৃষি গবেষণায় নিয়োজিত আছেন, অথবা ইচ্ছে থাকা সত্ত্বেও পর্যাপ্ত সুবিধা পাচ্ছেন না তাদেরকে গবেষণাকার্য পরিচালনার সার্বিক সহযোগিতা প্রদানও আমাদের অন্যতম লক্ষ্য। যারা কৃষি গবেষণায় ইচ্ছুক তাদের জন্য এখানে পৃথক প্লট ও চাষাবাদের সকল সুবিধা প্রদান করা হবে। এজন্য তাঁদেরকে কোন মূল্য পরিশোধ করতে হবে না। এছাড়াও এখানে তাঁদের থাকা-খাওয়ারও সুব্যবস্থা রয়েছে।

এমতাবস্থায়, কৃষি গবেষণায় আগ্রহী যে কোন গবেষক/ছাত্র/শিক্ষকদের আমরা এখানে তাঁদের গবেষণা কাজ পরিচালনার জন্য সাদর আমন্ত্রণ জানাচ্ছি। আমাদের পক্ষ থেকে এ বিষয়ে সর্বাত্নক সহযোগিতার প্রতিশ্রুতি ব্যক্ত করছি।

স্বাক্ষরিত/-
মোঃ বকুল হোসেন
জেনারেল ম্যানেজার
প্রান্ত এ্যাগ্রো রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট ইনিসিয়েটিভ

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়
শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকৃবি/শিক্ষা ও বৃত্তি/২৩(১)/২০২২/৫৩৫ তারিখঃ ১৫-০৭-২০২৪

অনুলিপি (সদয় অবগতি/কার্যার্থে)ঃ

১। ডিন, কৃষি/এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট/এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন/ফিশারিজ, একোয়াকালচার এন্ড মেরিন সায়েন্স অনুষদ/পোস্ট গ্রাজুয়েট স্টাডিজ, শেকৃবি, ঢাকা
২। বিভাগীয় চেয়ারম্যান (সকল) ..... , শেকৃবি, ঢাকা
৩। পরিচালক (সংশ্লিষ্ট) ..... , শেকৃবি, ঢাকা
৪। পরিচালক (আইসিটি সেল), শেকৃবি (বিজ্ঞপ্তিটি শেকৃবি'র ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)
৫। অতিরিক্ত পরিচালক/জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ দপ্তর (বিজ্ঞপ্তিটি প্রচারের অনুরোধসহ), শেকৃবি, ঢাকা
৬। ভিসি মহোদয়ের একান্ত সচিব (ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৭। পি.এ.টু প্রো-ভিসি (প্রো-ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৮। পি.এ.টু ট্রেজারার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
৯। পি.এ.টু রেজিস্ট্রার (রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য), শেকৃবি, ঢাকা
১০। সকল নোটিশ বোর্ড, শেকৃবি, ঢাকা
১১। অফিস কপি

(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার
ফোনঃ ৪৪৮১৪০০৬